



ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA- 700019

CLASS – I TERM – SECOND SUBJECT- BENGALI ANSWER WORKSHEET – 12 DATE – 08.06.2020

Topics – ক্ষান্তবুড়ি (কবিতা) ও বোধপরীক্ষন

১) সাজিয়ে লেখো:

ক) ওয়াহা - হাওয়া

খ) ষদো - দোষ

২) বাক্য রচনা করো:

ক) টাকা - আমি খেলনা কেনার জন্য টাকা জমিয়েছি।

খ) দোষ - আমাদের দোষ করলে ক্ষমা চাওয়া উচিত।

গ) উনুন - আমার ঠাকুমা মাটির তৈরি উনুনে ভাত রাঁধেন।

৩) এক কথায় উত্তর লেখো:

ক) বোনেরা আলনায় কী রাখে?

উঃ) হাঁড়িগুলো

খ) চুন দিয়ে তারা কী সাজে?

উঃ) ছাঁচিপান

গ) উনুনে তারা কী বিছায়?

উঃ) শাড়িগুলো

ঘ) বোনেরা খোলা জানলায় কী রাখে?

উঃ) টাকাকড়িগুলো

ঙ) ডালনায় তারা কী দেয়?

উঃ) চুন

চ) পাঁচটি বোন কোথায় থাকে?

উঃ) কালনায়

৪) কবিতা থেকে কথা নিয়ে খালি ঘরে লেখো:

টাকাকড়িগুলো হাওয়া খাবে বলে

রেখে দেয় খোলা জানলায় -

নুন দিয়ে তারা ছাঁচিপান সাজে ,

চুন দেয় তারা ডালনায়।

৫) নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

এক পিঁপড়ে নদীর জলে মুখ দিতেই তাকে জলে ভাসিয়ে নিয়ে গেল। একটি ঘুঘু পাখি তা দেখতে পেয়ে পিঁপড়ের সামনে একটি গাছের পাতা ফেলে দিল। পিঁপড়েটি পাতায় চড়ে বসে নিজের জীবন বাঁচালো। কিছুদিন পরে পিঁপড়েটি দেখতে পেল একজন শিকারী ঘুঘুটির দিকে তীর ছুঁড়বে। তখন পিঁপড়েটি কামড় বসিয়ে দিল শিকারীর পায়ে। কামড় খেয়ে শিকারীর তীর গেল পড়ে আর ঘুঘুটি ফুডুৎ করে উড়ে গেল।

ক) খালি ঘরে লেখো:

এক পিঁপড়ে নদীর জলে মুখ দিতেই তাকে জলে ভাসিয়ে নিয়ে গেল।

খ) বাক্য রচনা করো:

পাখি – আমাদের বাগানে অনেক ঘুঘু পাখির বাসা আছে।

গ) ঠিক বা ভুল লেখো:

পিঁপড়েটি কামড় বসিয়ে দিল ঘুঘু পাখির পায়ে।

ভুল

পিঁপড়েটি পাতায় চড়ে নিজের জীবন বাঁচালো।

ঠিক

ঘ) ঘুঘু পাখিকে পিঁপড়েটি কার হাত থেকে বাঁচিয়েছিল?

উঃ ঘুঘু পাখিকে পিঁপড়েটি শিকারীর হাত থেকে বাঁচিয়েছিল।